

স্মারক নম্বর: ৪৩.২৬.৫০০০.০০০.২৩.০০৩.২১.১১

তারিখ: ৯ মাঘ ১৪২৯

২৩ জানুয়ারি ২০২৩

বিষয়: ৫ ফেব্রুয়ারি জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩ উপলক্ষ্যে চিত্রাংকন, আবৃত্তি ও বইপাঠ প্রতিযোগিতার বিজ্ঞপ্তি।

সূত্র:

সংস্কৃতি বিষয় মন্ত্রণালয়ের পত্র নং- ৪৩.২৬.০০০০.০০১.২৩.০০৭.২২-৪৭(২৭৮); তারিখ ০৯-০১-২০২৩ খ্রিষ্টাব্দ।

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন ও গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী এর উদ্যোগে আগামী ০৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩' উদযাপন উপলক্ষ্যে চিত্রাংকন, উপস্থিত আবৃত্তি ও বইপাঠ প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। নিম্নবর্ণিত যোগ্যতা ও চাহিদা অনুযায়ী আগ্রহীদের অংশগ্রহণের আহবান জানানো হচ্ছে।

ক) চিত্রাংকন প্রতিযোগিতা :

ক্রমিক	গ্রুপ	শ্রেণি	চিত্রাংকনের বিষয়	চিত্রাংকন জমার শেষ তারিখ
০১.	ক	অনুর্ধ্ব ৮ বছর পর্যন্ত	উন্মুক্ত	বাসায় অংকন করে আগামী ১ ফেব্রুয়ারি ২০২৩ বিকেল ৩টা পর্যন্ত গ্রন্থাগারে এসে জন্ম নিবন্ধন সনদের অনুলিপি সহ জমা দেয়া যাবে
০২.	খ	৯-১৮ বছর পর্যন্ত	আমার কল্পনার গ্রন্থাগার	

খ) উপস্থিত আবৃত্তি প্রতিযোগিতা :

ক্রমিক	গ্রুপ	শ্রেণি	আবৃত্তির বিষয়	আবৃত্তির তারিখ, সময় ও স্থান
০১.	ক	শিক্ষার্থী	যে কোন কবিতা/ছড়া	১ ফেব্রুয়ারি বিকেল ২ টায় বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহীতে
০২.	খ	সর্বসাধারণ	দেশাত্মবোধক যে কোন কবিতা	

গ) বইপাঠ প্রতিযোগিতা :

বইপাঠ প্রতিযোগিতার বই ও নিয়ম	যারা অংশগ্রহণ করতে পারবেন	জমা দেয়ার শেষ তারিখ
পঠিত যে কোন ১টি মাত্র বই এর শিক্ষণীয় ও অনুকরণীয় বিষয় ১ পৃষ্ঠার মধ্যে নিজের মতো করে লিখতে হবে	সবার জন্য উন্মুক্ত	আগামী ০১ ফেব্রুয়ারি ২০২৩ বিকেল ৩টা পর্যন্ত গ্রন্থাগারে এসে জমা দেয়া যাবে

শর্তাবলীঃ

- চিত্রাংকন প্রতিযোগিতার অংকনের সাথে অবশ্যই জন্ম নিবন্ধন সনদের অনুলিপি সংযুক্ত থাকতে হবে।
- চিত্রাংকন ও বইপাঠ প্রতিযোগিতায় প্রতিযোগীর নাম, পিতা ও মাতার নাম, শ্রেণি, শিক্ষা প্রতিষ্ঠান/ঠিকানা, মোবাইল নম্বর আলাদা একটি পৃষ্ঠায় লিখে চিত্রাংকন ও বইপাঠ এর উপরে সংযুক্ত করে দিতে হবে।
- চিত্রাংকন ও বইপাঠ প্রতিযোগিতার অংকন ও খাতা ০১/০২/২০২৩ তারিখ বিকেল ৩টার মধ্যে ডাকযোগে 'পরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, লক্ষীপুর, রাজশাহী' ঠিকানায় পাঠিয়ে অথবা সরাসরি গ্রন্থাগারে এসেও জমা দেওয়া যাবে।
- এ সংক্রান্ত যে কোন প্রয়োজনে ০১৭১৪৪৬০৮৩৫ (মাসুদ রানা)/০১৭৪৫০৮৮১৮৫(হাজেরা)/ ০১৭৭৯৪০৭০১৬(মাহফুজা)/ ০১৭১২৪৭০০৬৬(শামীম)/০১৭১৬৩১৮৪৪১(সোহেল রানা)/০১৯৩৮৫৬৩১৬৯(শাহিন)/০১৭২৯৫৪১৯৫৮(আলমগীর)

মোবাইল নম্বরে যোগাযোগ করা যাবে।

৫. বিজয়ী সকলকে আগামী ৫ ফেব্রুয়ারি সকাল ১০ টায় গ্রন্থাগার দিবসের অনুষ্ঠানে পুরস্কার প্রদান করা হবে।



২৩-১-২০২৩

মোঃ মাসুদ রানা

সহকারী পরিচালক

ফোন: 02588857634

ইমেইল: rajshahidpl@gmail.com

মহাপরিচালক

গণগ্রন্থাগার অধিদপ্তর

স্মারক নম্বর: ৪৩.২৬.৫০০০.০০০.২৩.০০৩.২১.১১/১(৩)

তারিখ: ৯ মাঘ ১৪২৯

২৩ জানুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
- ২) সহকারী পরিচালক, প্রশাসন ও হিসাব এবং রক্ষণাবেক্ষণ শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৩) রেজিস্ট্রার/অধ্যক্ষ/সুপার/প্রধান শিক্ষক/সম্পাদক,

.....রাজশাহী



২৩-১-২০২৩

মোঃ মাসুদ রানা

সহকারী পরিচালক